

## 🗏 আয-যুমার | Az-Zumar | ٱلزُّمَر

আয়াতঃ ৩৯ : ৩৭

## 💵 আরবি মূল আয়াত:

## وَ مَن يَّهِدِ اللَّهُ فَمَا لَهُ مِن مُّضِلٍّ اا اللهُ بِعَزِيزٍ ذِى انتِقَامٍ ﴿٣٧﴾

## 🗚 অনুবাদসমূহ:

আর আল্লাহ যাকে হিদায়াত করেন, তার জন্য কোন পথভ্রষ্টকারী নেই। আল্লাহ কি মহাপরাক্রমশালী প্রতিশোধ গ্রহণকারী নন? — আল-বায়ান

আর আল্লাহ যাকে পথ দেখান, তাকে পথভ্রস্ট করার কেউ নেই। আল্লাহ কি মহাশক্তিধর প্রতিশোধ গ্রহণকারী নন?
— তাইসিরুল

এবং যাকে আল্লাহ হিদায়াত দান করেন তার জন্য কোন পথভ্রষ্টকারী নেই, আল্লাহ কি পরাক্রমশালী দন্ডবিধায়ক নন? — মুজিবুর রহমান


And whoever Allah guides - for him there is no misleader. Is not Allah Exalted in Might and Owner of Retribution? — Sahih International

৩৭. আর যাকে আল্লাহ্ হেদায়াত করেন তার জন্য কোন পথভ্রষ্টকারী নেই; আল্লাহ কি পরাক্রমশালী, প্রতিশোধ গ্রহণকারী নন?

তাফসীরে জাকারিয়া

- (৩৭) এবং যাকে আল্লাহ পথনির্দেশ করেন, তাকে কেউ পথভ্রস্ট করতে পারে না,[1] আল্লাহ কি পরাক্রমশালী, প্রতিশোধগ্রহণকারী নন? [2]
  - [1] যে তাকে এই হিদায়াত থেকে বের করে ভ্রম্ভতার গর্তে নিক্ষেপ করবে। অর্থাৎ, হিদায়াত দান ও ভ্রম্ভ করা সবই আল্লাহর কাজ। তিনি যাকে চান ভ্রম্ভ করেন এবং যাকে চান হিদায়াত দানে ধন্য করেন।
  - [2] কেন নন, অবশ্যই। এই জন্য যে, যদি এই লোকেরা কুফরী ও অবাধ্যতা থেকে ফিরে না আসে, তবে তিনি অবশ্যই তাঁর বন্ধুদের পক্ষ থেকে প্রতিশোধ গ্রহণ করবেন এবং তাদেরকে শিক্ষামূলক প্রতিফল ভোগ করাবেন।

তাফসীরে আহসানল বায়ান





👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন